অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/22/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অর্থবছর 2025 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে আবাসন সঙ্কট নিরসন করতে এবং নিউ ইয়র্কের আবাসন সম্ভাবনা উন্মোচন করতে ল্যান্ডমার্ক চুক্তি প্রকাশ করলেন

নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বৃদ্ধি করতে ব্যাপক ব্যাপ্তির পরিকল্পনা প্রতিষ্ঠা করলেন, যার মধ্যে রয়েছে স্টেটব্যাপী সাশ্রয়ী আবাসন তৈরির জন্য প্রণোদনা, আরো আবাসন তৈরির করতে নিউ ইয়র্ক সিটির জন্য ব্যবস্থা, স্টেটের জমিতে 15,000টি পর্যন্ত নতুন বাসা নির্মাণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার এবং নিউ ইয়র্কের আবাসন বান্ধব সম্প্রদায়ের কর্মসূচি আরো বলীয়ান করার কর্তৃত্ব

এর মধ্যে রয়েছে ভাড়াটিয়া ও বাড়ির মালিকের জন্য ঐতিহাসিক সুরক্ষা, ভাড়াটিয়াদের জন্য মূল্য বৃদ্ধি বিরোধী ব্যবস্থা, উচ্ছেদের বিরুদ্ধে আরো বলীয়ান সুরক্ষা, এবং ডিড চুরি থেকে বাড়ির মালিকদের সুরক্ষিত রাখতে নতুন বলবৎকরণ এবং প্রতিরোধমূলক ব্যবস্থা, এবং স্কোয়াটাররা যে ভাড়াটিয়া নয় সেই আইনকে এটি জোরদার করবে

স্টেটব্যাপী আবাসনকে সমর্থন করতে 600 মিলিয়ন মার্কিন ডলারের বেশি যোগ করে

সেকশন 8 ভাউচার প্রাপক এবং সাশ্রয়ী আবাসন প্রদানকারীদের বিরুদ্ধে আবাসন বৈষম্যের মোকাবেলা করে

এগুলি হলো আবাসন সরবরাহ বৃদ্ধি করে, ক্রয়ক্ষমতার প্রচার করে, এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের সমর্থন করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীর জন্য আবাসনের ব্যয় হ্রাস করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে অর্থবছর 2025 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে একটি ঐতিহাসিক চুক্তি ঘোষণা করেছেন যা আবাসন সরবরাহ বৃদ্ধি করে, ক্রয়ক্ষমতার প্রচার করে, নিউ ইয়র্কের ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য সুরক্ষা বলীয়ান করে, এবং আবাসনে পক্ষপাত ও বৈষম্যের মোকাবেলা করার মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সঙ্কটকে সমাধান করবে। এই পদক্ষেপগুলি আবাসন সঙ্কট মোকাবেলা করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য আবাসনের ব্যয় হ্রাস করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী।

"আমি নিউ ইয়র্কবাসীকে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে আমরা আবাসনের ক্রয়ক্ষমতা নিয়ে কাজ করবো, এবং এই বাজেটে আমরা তা করেছি," **গভর্নর হোকল বলেন।** "অর্ধশতাব্দীর মধ্যে

প্রথম আবাসনকে সম্মুখসারিতে এবং কেন্দ্রে রাখা গভর্নর হিসেবে, আমাদের স্টেটকে আরো সাশ্রয়ী এবং আরো বসবাসযোগ্য করতে এবং প্রত্যেক পরিবারকে তাদের নিউ ইয়র্ক স্বপ্ন অর্জনে সাহায্য করতে আমি লড়াই চালিয়ে যাবো।"

<u>গভর্নর হোকলের আবাসন এজেন্ডা</u>

অর্থবছর 2025 এর বাজেট হলো সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী এবং আরো বসবাসযোগ্য করতে নিউ ইয়র্ক স্টেটের আবাসন সঙ্কট সমাধান করার প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতির অনুবর্তী। এই বাজেট পুরো নিউ ইয়র্ক স্টেটে নতুন আবাসন নির্মাণের যুগান্তকারী এবং বহুমুখী পরিকল্পনা স্থাপন করে, যার মধ্যে রয়েছে:

- নিউ ইয়র্ক সিটিতে নতুন আবাসন তৈরির জন্য একটি নতুন 485-x কর প্রণোদনা, যার মধ্যে সাশ্রয়ী ভাড়ার আবাসন এবং বাড়ির মালিক হওয়ার সুযোগ থাকবে।
- বর্তমানে মেয়াদোত্তীর্ণ 421-a প্রণোদনা কর্মসূচির প্রকল্পসমূহের জন্য 2031 সাল পর্যন্ত কাজ শেষ হওয়ার ডেডলাইন বিস্তৃত করা।
- নিউ ইয়র্ক সিটির বাইরে মিশ্র আয় এবং 100 ভাগ সাশ্রয়ী আবাসন উভয়ের জন্য, এবং স্টেটব্যাপী অ্যাক্সেসরি থাকার ইউনিট (accessory dwelling units, ADU) নির্মাণ সমর্থন করার জন্য স্থানীয় এলাকাগুলিকে প্রণোদনা গ্রহণের কর্তৃত্ব প্রদান।
- নিউ ইয়র্ক সিটিতে বাণিজ্যিক থেকে আবাসিক রূপান্তরের ক্ষেত্রে ক্রয়ক্ষমতাকে উৎসাহিত করার একটি নতুন প্রণোদনা।
- আরো আবাসন প্রদান করার জন্য নিউ ইয়র্ক সিটিতে আবাসন ঘনত্বের উপর থেকে সেকেলে সীমাবদ্ধতা উঠিয়ে নেওয়ার কর্তৃত্ব
- নিউ ইয়র্ক সিটির নির্দিষ্ট কিছু এলাকায় বিদ্যমান বেজমেন্ট ও সেলার অ্যাপার্টমেন্টের বৈধতা প্রদান করার ক্ষমতা সিটিকে প্রদান করার একটি পাইলট কর্মসূচি।
- স্টেটের জমিতে 15,000টি ইউনিট পর্যন্ত আবাসন নির্মাণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল তৈরি।
- স্টেটব্যাপী আবাসন সমর্থন করার জন্য 600 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল।
- ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা, যার মধ্যে রয়েছে ভাড়াটিয়াদের জন্য মূল্য বৃদ্ধি বিরোধী ব্যবস্থা এবং বাড়ির মালিকদের ডিড চুরি তেকে সুরক্ষিত রাখতে আরো বলীয়ান বলবৎকরণ এবং প্রতিরোধমূলক ব্যবস্থা।
- আবাসন নিশ্চিত করতে নিজেদের ভাউচার ব্যবহার করতে ইচ্ছুক সেকশন 8 গৃহস্থালিদের বিরুদ্ধে বৈষম্য এবং বীমার বাজারে সাশ্রয়ী আবাসন প্রদানকারীদের বিরুদ্ধে বৈষম্যের মোকাবেলা করার জন্য প্রয়াস।

স্টেটব্যাপী 100,000 সাশ্রয়ী আবাসন তৈরি ও সংরক্ষণ করার জন্য অর্থবছর 2023 এর অংশ হিসেবে, গভর্নর একটি পাঁচ বছরের, 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনা ঘোষণা করেছিলেন। এখন পর্যন্ত 40,000 এর বেশি বাসা নির্মাণ করা হয়েছে।

<u>নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বৃদ্ধি করা</u>

অর্থবছর 2025 এর বাজেটের অংশ হিসেবে, গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটিতে সাশ্রয়ী আবাসনসহ নতুন আবাসন তৈরির জন্য কর্মসূচি ও প্রণোদনার একটি প্যাকেজ নিশ্চিত করেছেন। বাজেটে একটি নতুন 485-x কর প্রণোদনা রয়েছে, এটি একটি দশ বছরের কর্মসূচি

যা বর্তমানে মেয়াদোত্তীর্ণ 421-a প্রণোদনা কর্মসূচির অনুবর্তী, এটি আবাসন নির্মাণের জন্য বেনিফিট প্রদান করে এবং একই সাথে ক্রয়ক্ষমতাকে উৎসাহিত করে এবং প্রযোজ্য হলে ভবনের সেবা এবং নির্মাণ কর্মীদের জন্য আরো বলীয়ান বেতনের মানদণ্ড প্রদান করে। অনুমান অনুযায়ী, গত দশকে সিটিতে নতুনভাবে নির্মিত সকল বহু পরিবারের আবাসনের দুই তৃতীয়াংশের বেশি 421-a কর্মসূচিটি দ্বারা তৈরি হয়েছে।

এছাড়াও বাজেট মেয়াদোত্তীর্ণ 421-a কর্মসূচির অধীনস্থ বর্তমানে চলমান প্রকল্পের জন্য নির্মাণ ডেডলাইন 2031 পর্যন্ত বিস্তৃত করে, যা পূর্বে ঝুঁকিগ্রস্ত থাকা সাশ্রয়ী আবাসনসহ হাজার হাজার ভাড়ার ইউনিটের নির্মাণ হওয়া নিশ্চিত করে। পাশাপাশি, বাজেট বাণিজ্যিক রূপান্তর প্রকল্পসমূহের জন্য একটি নতুন করি প্রণোদনা প্রতিষ্ঠা করে যেখানে সাশ্রয়ী আবাসন রয়েছে, যা 1960 দশকের পর থেকে প্রথমবারের মতো নিউ ইয়র্ক সিটিতে আবাসিক ঘনত্বের স্টেট সীমাবদ্ধতা তুলে নেওয়ার কর্তৃত্ব প্রদান করে এবং একই সাথে ক্রয়ক্ষমতাকে আবশ্যিক করে, এবং সিটিকে একটি পাইলট কর্মসূচি তৈরির অনুমোদন প্রদান করে যা নির্দিষ্ট কিছু নিউ ইয়র্ক সিটি এলাকায় সিটির নির্ধারিত স্বাস্থ্য ও নিরাপত্তা মানদণ্ড অনুসরণ করা বিদ্যমান বেজমেন্ট এবং সেলার অ্যাপার্টমেন্টকে সাধারণ ক্ষমতা প্রদান করে।

নিউ ইয়র্ক সিটির বাইরের এলাকাসমূহের জন্য, বাজেটে মিশ্র আয় এবং 100 ভাগ সাশ্রয়ী নতুন নির্মাণ বা বহু পরিবারের ভাড়ার রূপান্তর প্রকল্পের জন্য একটি ঐচ্ছিক কর প্রণোদনা কর্মসূচি রয়েছে, এবং অ্যাক্সেসরি বসবাসের ইউনিট তৈরির জন্য একটি প্রণোদনা রয়েছে। এছাড়াও বিকল্প ধরনের বহু পরিবারের আবাসনের ব্যবস্থা করতে কোড সংশোধন করার পন্থা অধ্যয়ন করাকে বাজেট স্টেটের অগ্নি প্রতিরোধ এবং ভবন কোড কাউন্সিলের (Fire Prevention and Building Code Council) জন্য আবশ্যিক করেছে।

এছাড়াও গভর্নর হোকল নিউ ইয়র্কজুড়ে স্টেট মালিকানাধীন সাইটসমূহে 15,000 ইউনিট পর্যন্ত আবাসন নির্মাণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার তহবিল নিশ্চিত করেছেন। সকল স্টেট এজেন্সির জন্য তাদের নিয়ন্ত্রণের অধীনে থাকা সম্পত্তিকে তাদের আবাসন সম্ভাবনার জন্য পরীক্ষা করা আবশ্যক করে গত বছর একটি নির্বাহী আদেশ স্বাক্ষর করার পর, গভর্নর হোকল তার 2024 স্টেট অফ দ্য স্টেট বাজেটে স্বল্পব্যবহৃত সাইটের পুনর্গঠন (Redevelopment of Underutilized Sites for Housing) উদ্যোগ ঘোষণা করেন। সাইটে নির্মাণ করার জন্য স্টেটের প্রস্তাবনার অনুরোধ জারি করার ভিত্তিতে সাইটগুলি স্বতন্ত্রভাবে উপলভ্য হতে থাকবে।

পাশাপাশি, 650 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত স্টেটের বিবেচনামূলক তহবিল লাভ কার জন্য আবাসন বান্ধব সম্প্রদায়ের (Pro-Housing Communities) প্রত্যয়নকে আবশ্যিক করার জন্য স্টেটকে সুযোগ দানের মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন বান্ধব সম্প্রদায় কর্মসূচিকে বলীয়ান করার জন্য গভর্নর হোকল একটি চুক্তিতে পৌঁছেছেন। নিজেদের আবাসন সম্ভাবনা উন্মোচন করার জন্য সক্রিয়ভাবে কাজ করা মিউনিসিপ্যালিটিগুলিকে স্বীকৃতি ও পুরস্কার প্রদান করা এবং অন্যদেরও এটি করতে উৎসাহিত করার জন্য, নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বৃদ্ধি করার নির্বাহী পদক্ষেপের একটি প্যাকেজের অংশ হিসেবে গত বছর গভর্নর আবাসন বান্ধব সম্প্রদায় কর্মসূচি ঘোষণা করেন। এখন পর্যন্ত, 179টি স্থানীয় এলাকা আবাসন বান্ধব সম্প্রদায় হওয়ার জন্য আবেদন শুরু করেছে এবং 49টি সম্প্রদায়কে প্রত্যায়িত করা হয়েছে।

এছাড়াও ভাড়ার ভর্তুকি পাওয়া ইউনিটসমূহের জন্য স্বতন্ত্র অ্যাপার্টমেন্ট উন্নয়নের সীমা বৃদ্ধির মাধ্যমে খালি পড়ে থাকা অ্যাপার্টমেন্টকে ভাড়ার বাজারে ফেরত আনতে সাহায্য করার জন্য অর্থবছর 2025 এর বাজেট আরো পদক্ষেপ গ্রহণ করবে। ব্যবস্থার নতুন আবশ্যিকতা মালিকদের 15 বছরের বেশি সময় ধরে সংস্কার ব্যয়ের একটি যুক্তিসঙ্গত অংশ পুনরুদ্ধার করতে দিবে, যা নিরাপদ, আধুনিকায়িত ভাড়ার ভর্তুকি প্রাপ্ত ইউনিটের সরবরাহ বজায় রাখতে সাহায্য করবে। এছাড়াও নিউ ইয়র্ক সিটির বাইরে মেরামতের দরকার আছে এমন খালি পড়ে থাকা অ্যাপার্টমেন্টকে পুনরায় ব্যবহারযোগ্য করতে সহায়তা করার জন্য বাজেট 40 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল প্রদান করবে।

<u>ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য সুরক্ষা বলীয়ান করা</u>

এছাড়াও গভর্নর হোকল অর্থবছর 2025 এর বাজেটের অংশ হিসেবে নিউ ইয়র্কের ভাড়াটিয়াদের জন্য ঐতিহাসিক মূল্য বৃদ্ধি এবং উচ্ছেদ সুরক্ষা নিশ্চিত করেছেন। মূল্য বৃদ্ধি থেকে ভাড়াটিয়াদের সুরক্ষা প্রদান করতে এবং প্রযোজ্য হলে উচ্ছেদ প্রক্রিয়া আওতাধীন ভাড়াটিয়াদের জন্য আইনি সুরক্ষা বলীয়ান করতে বাজেট বার্ষিক দশ শতাংশ বা পাঁচ শতাংশ ও ভোক্তা মূল্য ইনডেক্সের (Consumer Price Index) যোগফলের (যেটি কম হবে) বেশি বার্ষিক ভাড়া বৃদ্ধি অযৌক্তিক হিসেবে গণ্য করে। এই সুরক্ষাগুলি নিউ ইয়র্ক সিটির জন্য বাধ্যতামূলক হবে; নিউ ইয়র্ক সিটির বাইরের মিউনিসিপ্যালিটিগুলির কাছে এই কর্মসূচিতে অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ থাকবে। পৃথকভাবে, স্কোয়াটাররা যে ভাড়াটিয়া নয়, এবং ফলে এইসব বা অন্য কোনো ভাড়াটিয়া সুরক্ষার অধিকারী নয় তা স্পষ্ট করার জন্য বিদ্যমান আইনকে জোরদার করতে গভর্নর হোকল একটি চুক্তিতে পৌঁছেছেন।

পাশাপাশি, লার্সেনি সংবিধিতে ডিড চুরির অপরাধের একটি স্পষ্ট সংজ্ঞা তৈরি করা এবং উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি থেকে সুদ প্রাপ্তির ব্যাপারে এবং বাড়ির মালিকদের তাদের পরিবারের বাসা বিক্রি করতে চাপ প্রদানের ব্যাপারে লুণ্ঠনকারী বিনিয়োগকারীর ক্ষমতা সীমিত করার মাধ্যমে গভর্নর ডিড চুরি বিরুদ্ধে বাড়ির মালিকদের সুরক্ষা বলীয়ান করেছেন। এই সুরক্ষাগুলি বলবৎকরণ উন্নত করতে এবং নিউ ইয়র্কবাসীকে তাদের বাড়িতে রাখতে সাহায্য করবে। আরো ক্ষতি প্রতিরোধ করার জন্য, গভর্নর একটি ট্রান্সফার অন ডেথ ডিড (Transfer on Death Deed) উপস্থাপন করেছেন, এটি বাড়ির মালিকদের নিশ্চিত করতে সাহায্য করবে যে একটি আনুষ্ঠানিক উইল তৈরির প্রয়োজন ছাড়াই তাদের মৃত্যুর পর তাদের বাসা সুরক্ষিত থাকবে।

<u>আবাসনে পক্ষপাত ও বৈষম্যের মোকাবেলা করা</u>

এছাড়াও গভর্নর সাশ্রয়ী আবাসন প্রদানকারী ও ভাড়াটিয়া উভয়ের বিরুদ্ধে হওয়া আবাসন বৈষম্যের মোকাবেলা করার জন্য একটি চুক্তি নিশ্চিত করেছেন। বাজেটের অংশ হিসেবে, গভর্নর হোকল বিধিমালা অগ্রসর করেছেন যা বীমা বহনকারীদেরকে জন্য আবাসিক ভৌত সম্পত্তির জন্য বীমা প্রদান করা, প্রদান করা অব্যাহত রাখা, বা বীমার মূল্য বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণের সময় ভাড়াটিয়াদের আয়ের উৎস, বিদ্যমান সাশ্রয়ী বসবাসের ইউনিট, ভাড়াটিয়াদের বা ভবনের সরকারি আবাসন সহায়তা প্রাপ্তি, এবং ভবনটি মিচেল-লামা (Mitchell-Lama) কিনা সেই সম্পর্কে প্রশ্ন করা বা বিবেচনা করা নিষিদ্ধ করে। নতুন বিধিমালাটি সাশ্রয়ী আবাসন প্রদানকারীদের যুক্তিসঙ্গত মূল্যের বীমার সুযোগ পাওয়া নিশ্চিত করতে সাহায্য করবে, যা পরিণামে ভাড়াটিয়াদের জন্য ভাড়া বৃদ্ধি এড়ানোতে সাহায্য করবে।

এছাড়া গভর্নর একটি নতুন বলবৎকরণ ইউনিট প্রতিষ্ঠা করবেন যা সেকশন 8 হাউজিং চয়েস ভাউচার (Section 8 Housing Choice Vouchers) সম্পর্কিত আবাসন বৈষম্যের বিরুদ্ধে অভিযোগের দ্রুত সমাধান প্রদান করতে, প্রভাবিত ব্যক্তি ও পরিবারকে উপলভ্য আবাসনে, যেখান থেকে তাদের ভাউচারের উপর ভিত্তি করে তাদেরকে অননুমোদিতভাবে অ্যাক্সেস প্রত্যাখ্যান করা হয়েছে, সেখানে স্থাপন করতে সাহায্য করার ব্যাপারে নিবেদিত থাকবে।

অতিরিক্ত ক্যাপিটাল বিনিয়োগ
মুখ্য নীতিমালা পদক্ষেপ অগ্রসর করার পাশাপাশি, অর্থবছর 2025 এর বাজেট এছাড়াও স্টেটব্যাপী আবাসন সমর্থনে 600 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ক্যাপিটাল তহবিল প্রদান করছে, যার মধ্যে নিচের অর্থায়ন অন্তর্ভুক্ত কিন্তু তা এতে সীমিত নয়:

- 100 ভাগ সাশ্রয়ী আবাসনের জন্য কোঅপারেটিভ ভাড়ার বাসা এবং কোঅপারেটিভ বাড়ির মালিকানা নির্মাণের জন্য ভর্তুকি হিসেবে নিউ ইয়র্ক হাউজিং ফর দ্য ফিউচারের জন্য **150 মিলিয়ন মার্কিন ডলার**।
- নিউ ইয়র্ক সিটি হাউজিং অথোরিটির ডেভেলপমেন্টসমূহের ক্যাপিটাল উন্নয়নের জন্য **140 মিলিয়ন মার্কিন ডলার**।
- মিচেল-লামাসের ক্যাপিটাল উন্নয়নের জন্য **80 মিলিয়ন মার্কিন ডলার**।
- নিউ ইয়র্ক সিটির বাইরে সরকারি আবাসন কর্তৃপক্ষসমূহকে ক্যাপিটাল উন্নয়নের জন্য **75 মিলিয়ন মার্কিন ডলার**।
- ব্লাইটেড বা পরিত্যক্ত সম্পত্তির উন্নয়নের জন্য **50 মিলিয়ন মার্কিন ডলার** ক্যাপিটাল অর্থদান।
- নিউ ইয়র্ক সিটির বাইরে খালি ভাড়ার ইউনিটের হালনাগাদকরণের জন্য **40 মিলিয়ন মার্কিন ডলার**।
- বিদ্যমান ডেভেলপমেন্ট প্যাটার্নের সাথে মিল রেখে অব্যবহৃত এবং স্বল্পব্যবহৃত জমিতে ছোট বাসা নির্মাণের অর্থায়ন করতে ইনফিল হাউজিংয়ের জন্য **40 মিলিয়ন মার্কিন ডলার**।
- ফেডারেল USDA 515 কর্মসূচির দ্বারা ভর্তুকি প্রাপ্ত গ্রামীণ আবাসনের ক্যাপিটাল উন্নয়নের জন্য **10 মিলিয়ন মার্কিন ডলার**।
- অন্যান্য এককালীন ক্যাপিটাল সহায়তা প্রকল্পের জন্য **25.5 মিলিয়ন মার্কিন ডলার**।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন